



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)



স্মারক নম্বর: চশিবো/বিদ্যা/চট্ট:উ(হাট)/৮৯০/৯৬(অংশ-২)/৪০২(৩),

তারিখ: ২৫. ০৬. ২০২৪ খ্রি:

## প্রেরক :

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।

## প্রাপক :

প্রধান শিক্ষক

খন্দকিয়া চিকনদভী বালিকা উচ্চ বিদ্যালয়


ডাক: ইউনুচ নগর, হাটহাজারী, চট্টগ্রাম

## বিষয় : স্বীকৃতি নবায়ন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন খন্দকিয়া চিকনদভী বালিকা উচ্চ বিদ্যালয় এর স্বীকৃতি ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হল। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৬ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

## অবশ্যই পালনীয় :

- বিদ্যালয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপনসহ বিষয় ভিত্তিক বিজ্ঞানাগার স্থাপন করতে হবে;
- পাবলিক পরীক্ষার ফলাফল আরও সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না;
- বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।



ড. বিপুল গাজলা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

১। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম

২। অফিস নথি।

